

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৩৫২  
আগরতলা, ১৩ অক্টোবর, ২০২৩

লিগ্যাল এইড ফাংশনারিজদের বার্ষিক সম্মেলনে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি সাধারণ মানুষের সাথে প্যারা লিগ্যাল ভলান্টিয়ারদের সম্পর্ক আরও সুদৃঢ় করতে হবে

সাধারণ মানুষের কাছে আইনি পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে আইনি সেবা অভিযানের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এক্ষেত্রে তৃণমূল স্তরে প্যারা লিগ্যাল ভলান্টিয়াররা সামনের সারির সৈনিক হিসেবে বিবেচিত হয়ে থাকেন। আজ নরসিংগড়স্থিত ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত লিগ্যাল এইড ফাংশনারিজদের বার্ষিক সম্মেলন ও সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং একথা বলেন। সম্মেলনে প্রধান বিচারপতি বলেন, মানুষের কাছে আইনি পরিষেবা পৌঁছে দেওয়া এবং লিগ্যাল এইড ফাংশনারিজদের সম্মানিত করার ক্ষেত্রে ত্রিপুরা দেশের মধ্যে সামনের সারিতে রয়েছে। গত ৮ অক্টোবর অনুষ্ঠিত বিশেষ লোক আদালতের মাধ্যমে রাজ্যের বিভিন্ন আদালতে জমে থাকা মামলাগুলির মধ্যে ২৯.৪ শতাংশ মামলার নিষ্পত্তি হয়েছে। এটা একটা বড় সাফল্য। সাধারণ মানুষের সাথে প্যারা লিগ্যাল ভলান্টিয়ারদের সম্পর্ক আরও সুদৃঢ় করার উপর গুরুত্ব আরোপ করে প্রধান বিচারপতি বলেন, এই স্বেচ্ছাসেবকরা যত বেশি মানুষের সঙ্গে সম্পর্ক রেখে চলবেন তত সাধারণ মানুষ উপকৃত হবেন। জনসাধারণও সরকারের বিভিন্ন কর্মসূচি থেকে শুরু করে আইনের সহায়তা খুব দ্রুত পেতে পারবেন। তিনি মহিলা স্বেচ্ছাসেবকের সংখ্যা আরও বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেছেন।

ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি তথা ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষের এক্সিকিউটিভ চেয়ারম্যান টি অমরনাথ গৌড় বলেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় আইনি পরিষেবা দেওয়ার ক্ষেত্রে ত্রিপুরা প্রশংসনীয় কাজ করে চলেছে। সাধারণ মানুষের কাছে আইনি পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে বিভিন্ন কর্মসূচি এ রাজ্যে সফলভাবে রূপায়িত হচ্ছে। নেশামুক্তি, মানব পাচার রোধ সম্পর্কিত সামাজিক সচেতনতামূলক কাজেও ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষ গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। সম্মেলনে ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি তথা ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষের চেয়ারম্যান অরিন্দম লোধ বলেন, সমাজের গরীব অংশের মানুষের কাছে আইনি পরিষেবা পৌঁছে দেওয়া ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষের অন্যতম উদ্দেশ্য। এই লক্ষ্যে যেমন ইতিমধ্যে অনেক কাজ হয়েছে তেমনি কিছু কাজ করা বাকিও রয়ে গেছে। এই ক্ষেত্রে প্যারা লিগ্যাল ভলান্টিয়ারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। যুব সমাজকে নেশার করাল গ্রাস থেকে রক্ষা করার ক্ষেত্রে প্যারা লিগ্যাল ভলান্টিয়ারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলেও তিনি উল্লেখ করেন। তিনি বলেন, আইনের গন্ডির মধ্যে থেকে অনেক কিছুই করা যেতে পারে। বিশেষ করে সবাইকে এই সম্পর্কে সচেতন করা গেলে সমাজ উপকৃত হবে।

অনুষ্ঠানে আইন সচিব বিশ্বজিৎ পালিত বলেন, ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষ মানুষের কাছে ন্যায় বিচার পৌঁছে দেওয়ার ক্ষেত্রে সচেতনতামূলক বিভিন্ন অনুষ্ঠান করছে, যা নিঃসন্দেহে প্রশংসার যোগ্য। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে বলেন, জন্মলগ্ন থেকেই ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষ অনেক ইতিবাচক কাজ করে চলেছে। এই ভূমিকা তাদের অব্যাহত রাখতে হবে। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব সব্যসাচী দত্ত পুরকায়স্থ। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ত্রিপুরা আইনি সেবা কর্তৃপক্ষের উপসচিব হেনা বেগম। অনুষ্ঠানে গার্হস্থ্য হিংসার উপর একটি বই ও দুটি ফ্লিপ চার্ট উন্মোচন করা হয়। অনুষ্ঠানে প্যারা লিগ্যাল ভলান্টিয়ার ও প্যানেলভুক্ত আইনজীবীদের স্মারক ও শংসাপত্র দেওয়া হয়।

\*\*\*\*\*